শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

হাজীগঞ্জ, চাঁদপুর।

যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইলঃ chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০০৮.২৩.১১১৯

তারিখঃ ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিঃ

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত পদ সমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল তৈরীর জন্য আগ্রহী বাংলাদেশী প্রকৃত মহিলা নাগরিকদের নিকট হতে উল্লেখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগন আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ০১। | ড্যাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) ০২ টি | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০ টাকা হতে ৪৬,২৪০ টাকা এর প্রারম্ভিক ধাপ ১৮,৩০০ টাকা মূল বেতন এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ক) প্রার্থীকে এস এস সি/সমমান ও এইচ এস সি/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ২.০০ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.২৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার পরিচালনা ও কম্পিউটার অপারেটিং সিস্টেম ও ওয়ার্ড প্রসেসিং এ ভাল জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজী ব্যাকরণ সহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঘ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভূক্তকরণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | বরিশাল, ভোলা, ঝালকাঠী, পটুয়াখালী, ফরিদপুর, রাজবাড়ী, চুয়াডাঙ্গা, নাটোর, চাঁদপুর, কুমিল্লা, ব্রাহ্মনবাড়ীয়া,ফেনী, নোয়াখালী ও লক্ষীপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
| ০২। | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) ০২ টি | | ক) এস এস সি/ সমমান ও এইচ এস সি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (গণিতে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)।<br>খ) কম্পিউটারে ন্যূনতম বাংলা প্রতি মিনিটে ১০ (দশ) ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকুলে জামানত হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা দিতে হবে। যা সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তের পর সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>ঙ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই গ্রাহকের সাথে ভদ্র, বিনয়ী ও স্বতঃস্ফূর্ত আচরন করার সক্ষমতা থাকতে হবে। | |

শর্তাবলী (উভয় পদের জন্য প্রযোজ্যঃ

| | |
|---|---|
| ০১। | আবেদনকারী আগ্রহী প্রার্থীগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট **http://pbs1.chandpur.gov.bd** এবং বাপবিবোর্ডের ওয়েব সাইট http://reb.gov.bd এ হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ ২৭-০৪-২০১৪খ্রিঃ) ডাউন লোড করে নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৫/১০/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার যোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। কোন আবেদনপত্র হাতে হাতে গ্রহণযোগ্য নয়। সাদা কাগজে হাতে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। |

| | |
|---|---|
| ০২। | আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ<br>ক) স্থানীয় ইউনিয়র পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।<br>খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা সত্যায়িত ছবি (১ম শ্রেনীর গেডেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।<br>গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।<br>ঘ) ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।<br>ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (১ম শ্রেনীর গেডেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।<br>চ) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যমানের (অফেরতযোগ্য) পে-অর্ডার সংযুক্ত করতে হবে। |
| ০৩। | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উভয় পদে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদপত্র বিবেচিত হবে। |
| ০৪। | আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম সম্বলিত সীল) থাকতে হবে। যেকোন সরকারী আধা সরকারী/ স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। |
| ০৫। | প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্লচিত্রে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অনপ্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা হবে। |
| ০৬। | অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কোন কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না। |
| ০৭। | প্রতারণামূলক স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে বরখাস্তকরনণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে। |
| ০৮। | বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলীর মাধ্যমে কোন জেলার কোটা পূরণ হয়ে গেলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। |
| ০৯। | ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই। |
| ১০। | লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে। |
| ১১। | খামের উপরে অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। |
| ১২। | যেকোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে। |
| ১৩। | অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে। |

সংযুক্তি: ২ প্রস্থ সংযুক্ত।

03-10-2023
মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০১৬
chandpbs@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, চাঁদপুর;
২। পুলিশ সুপার, চাঁদপুর;
৩। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৪। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৫। পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ------------------------পবিস ১/২/৩/৪।;
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, হাজিগঞ্জ/ কচুয়া/ শাহরাস্তি, চাঁদপুর।;
৮। ডিজিএম, ডিজিএম এর দপ্তর (জোনাল অফিস ), চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৯। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১০। ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
১১। এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১২। এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৩। এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৪। এজিএম (আইটি), আইটি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৫। এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৬। এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং
১৭। এজিএম (ওএন্ডএম), সাচার সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-১।